



২৭ মার্কিন ঘাঁটি ও ইসরায়েলি স্থাপনায় ইরানের হামলা



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার জবাবে মধ্যপ্রাচ্যে ২৭টি মার্কিন সামরিক ঘাঁটি এবং ইসরায়েলের গুরুত্বপূর্ণ স্থাপনায় ক্ষেপণাস্র ও ড্রোন হামলার দাবি করেছে ইরান। অভিযানের দায়িত্ব নেয় দেশটির অভিজাত বাহিনী ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (Islamic Revolutionary Guard Corps) (আইআরজিসি)। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা (Al Jazeera) জানায়, এটি প্রতিশোধমূলক অভিযানের ষষ্ঠ ধাপ। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের ভাষ্য, সাম্প্রতিক বোমাবর্ষণের জবাব হিসেবেই এ হামলা চালানো হয়েছে।

আইআরজিসির দাবি, ইসরায়েলের তেল নফ বিমানঘাঁটি, তেল আবিবের হা-কিরিয়া সামরিক কমান্ড এলাকা এবং একটি বড় প্রতিরক্ষা শিল্প কমপ্লেক্সে আঘাত হানা হয়েছে। পাশাপাশি মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা মার্কিন স্থাপনাও লক্ষ্যবস্তু ছিল।

সংস্থাটি হুঁশিয়ারি দিয়ে বলেছে, পরিস্থিতি অনুযায়ী আরও কঠোর ও ভিন্নধর্মী পদক্ষেপ নেওয়া হবে। এর আগে তারা 'ইতিহাসের সবচেয়ে ধ্বংসাত্মক অভিযান' গুল্লুর সতর্কবার্তা দিয়েছিল, যদিও সময় ও কৌশল সম্পর্কে বিস্তারিত জানানো হয়নি।

এদিকে রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি (Ali Khamenei) নিহত হয়েছেন। এ ঘটনায় দেশে ৪০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে।